



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয় : ২৯১/১ জেল রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ  
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৬ E-mail : [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com),  
[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)



স্মারক নং- ময়শিবো/প্রশা/০২/২৫/১৮/১৮০

তারিখ : ০৪/১১/২০২১ খ্রি:

বিষয় : অত্র বোর্ডের বিভিন্ন ধরনের আর্থিক লেন-দেন এবং এসএসসি-২০২১ পরীক্ষার ফরম পূরণ বাবদ আদায়কৃত অব্যয়িত অর্থ ফেরত প্রদানের জন্য সোনালী ব্যাংকে অনলাইন শাখায় একাউন্ট খোলা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, বোর্ডের প্রায় সকল ধরনের আর্থিক লেন-দেন এবং এসএসসি পরীক্ষা-২০২১ এর ফরম পূরণ বাবদ আদায়কৃত অব্যয়িত অর্থ ফেরত প্রদান সোনালী ব্যাংকের মাধ্যমে করা হবে। বোর্ডের বিভিন্ন ধরনের ফিস সংগ্রহ বা প্রয়োজনে প্রতিষ্ঠানকে কোন অর্থ প্রদান বা যে কোন ধরনের আর্থিক লেন-দেন সহজে ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রতিটি প্রতিষ্ঠানের ইংরেজি নামে সোনালী ব্যাংকে একাউন্ট থাকা একান্ত জরুরী হয়ে পড়েছে। এ ক্ষেত্রে যেসকল প্রতিষ্ঠানের পূর্বেই ছবছ প্রতিষ্ঠানের ইংরেজি নামে সোনালী ব্যাংকে একাউন্ট আছে, সে সকল প্রতিষ্ঠানের নতুন করে একাউন্ট খোলার প্রয়োজন নেই। তবে একাউন্টের নাম অবশ্যই প্রতিষ্ঠানের ইংরেজি নামে হতে হবে। বোর্ডের ওয়েবসাইটে প্রতিষ্ঠানের নাম যেভাবে ইংরেজিতে আছে ছবছ সেভাবেই একাউন্টের নাম নির্ধারণ করতে হবে। অন্যথায় একাউন্ট নম্বর গ্রহণযোগ্য হবে না। তবে একাউন্ট খোলা থাকলে ছবছ প্রতিষ্ঠানের ইংরেজি নামে নামকরণের জন্য ব্যাংকের মাধ্যমে সংশোধন করা যাবে।


এমতাবস্থায়, যেসকল প্রতিষ্ঠানের ইংরেজি নামে সোনালী ব্যাংকে একাউন্ট নেই তাদেরকে অতি সত্বর সোনালী ব্যাংকে একাউন্ট খুলতে হবে এবং সে সকল প্রতিষ্ঠানের পূর্বেই প্রতিষ্ঠানের ছবছ ইংরেজি নামে একাউন্ট আছে উভয় প্রতিষ্ঠানকে আগামী ০৮/১১/২০২১ তারিখের মধ্যে বোর্ডের ওয়েবসাইটে নির্ধারিত প্যানেলের মাধ্যমে ১৩ ডিজিটের অনলাইন একাউন্ট নম্বরসহ অন্যান্য তথ্য প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

### ওয়েবসাইটে প্রবেশের নির্দেশনা :

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)>eSIFSSC>EIN>Password  
> Institution Account এ প্রবেশ করে তথ্য আপলোড করতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
০৫.১১.২০২১  
(প্রফেসর কিরীট কুমার দত্ত)

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ

ফোন : ০৯১-৫৩৩৩৪

E-mail : [secbisemym@gmail.com](mailto:secbisemym@gmail.com)

প্রাপক :

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন মাধ্যমিক

পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান